

■ সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৩২৯

১৩/ সাহু (كتاب السهو)

পরিচ্ছেদঃ ৭২/ উভয় হাত দ্বারা সালাম ফিরানো।

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ سُلَيْমَانَ، قَالَ حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى، قَالَ حَدَّثَنَا إِسْرَائِيلُ، عَنْ فُرَاتِ الْقَزَّارِ، عَنْ عُبَيْدِ اللَّهِ، - وَهُوَ ابْنُ الْقِبْطِيَّةِ - عَنْ جَابِرِ بْنِ سَمْرَةَ، قَالَ صَلَّيْتُ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَكُنَّا إِذَا سَلَّمْنَا قُلْنَا بِأَيْدِينَا السَّلَامُ عَلَيْكُمُ السَّلَامُ عَلَيْكُمْ - قَالَ - فَنَظَرَ إِلَيْنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ "مَا شَاءُكُمْ تُشِيرُونَ بِأَيْدِيكُمْ كَأَنَّهَا أَذْنَابُ خَيْلٍ شُمْسٍ إِذَا سَلَّمَ أَحَدُكُمْ فَلَيَلْتَفِتْ إِلَى صَاحِبِهِ وَلَا يُوْمِئْ بِيَدِهِ"

বাংলা

১৩২৯। আহমদ ইবনু সুলায়মান (রহঃ) ... জাবির ইবনু সামুরা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি (একদিন) রাসুলুল্লাহ সান্নান্নাহ আলাইহি ওয়াসান্নাম এর সঙ্গে সালাত আদায় করছিলাম, আমরা যখন সালাম ফিরালাম তখন হাত দ্বারা ইশারা করে বললাম, 'আসসালামু আলাইকুম, আসসালামু আলাইকুম' তিনি বলেন, তখন রাসুলুল্লাহ সান্নান্নাহ আলাইহি ওয়াসান্নাম আমাদের প্রতি লক্ষ্য করে বললেন, তোমাদের কি হল যে, তোমরা হাত দ্বারা ইশারা করছ? যেন তা ঘোড়ার লেজ! যখন তোমাদের কেউ সালাম ফিরাবে তখন সে তার সাথীর প্রতি তাকাবে এবং স্থীয় হাত দ্বারা ইশারা করবে না।

English

It was narrated that Jabir bin Samurah said:

"I prayed with the Messenger of Allah (ﷺ) and when we said the salam we used to gesture with our hands: 'Asalamu alaykum wa rahmatullah (peace be upon, peace be upon you).' The Messenger of Allah (ﷺ) looked at us and said: 'What is the matter with you, pointing with your hands as if they are the tails of wild horses? When any one of you says the salam, let him turn to his companions and not gesture with his hand.'"

ফুটনেট

সহিহ, মুসলিম (ইসলামিক সেন্টার) হাঁ: ৮৬৬

হাদিসের মান: **সহিহ (Sahih)** পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ জাবির ইবনু সামুরাহ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=20333>

৬ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন